দৈনিক
ইনকিলাব

তারিখ ... 8 JUN 2012 ...
পৃষ্ঠা ... ২৬ ... কলাম ... ৩ ......

# শিক্ষা খাতে বরাদ্দ ৯ হাজার ৮২৫ কোটি টাকা

□ স্টাফ রিপোর্টার

২০১২-১৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে সার্বিক শিক্ষা খাতে ৯ হাজার ৮২৫ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে। এ খাতে অনুন্নয়ন ব্যয় ৫ হাজার ৪৪৩ কোটি টাকা এবং উন্নয়ন ব্যয় ৪ হাজার ৩৮২ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। গত অর্থবছরে বাজেট বরাদ্দ ছিল ৮ হাজার ৯৫৬ কোটি টাকা। পরবর্তীতে সংশোধিত বাজেটে ৭ হাজার ৭২৭ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়। অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত গতকাল বাজেট ঘোষণায় বলেন, ২০১৪ সালের মধ্যে নিরক্ষরতা দূরীকরণ সরকার অঙ্গীকারবদ্ধ। সে অনুযায়ী প্রাথমিক স্তরে শতভাগ ভর্তি নিশ্চিত করতে ৩ থেকে ৫ বছর বয়সী শিশুদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম চালু করা হয়েছে। ২০১১ সাল থেকে সারা দেশে অভিন্ন পদ্ধতিতে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। তিনি বলেন, প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গত বাজেটে ১ হাজার ৫০০টি নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের কথা বলেছিলাম। এর মধ্যে ৭৮০টি বিদ্যালয়ের কাজ সমাপ্তির পথে। পাশাপাশি আরও ১২টি জেলা সদরে পিটিআই স্থাপন, অন্তর্ভুক্তিমূলক শিক্ষা ম্যানুয়েল প্রণয়ন, শিক্ষকদের এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান এবং বিদ্যালয় পরিচালনা কমিটি পুনর্গঠনের মাধ্যমে প্রাথমিক

**২০১৪ সালের মধ্যে নিরক্ষরতা দূরীকরণ সরকার অঙ্গীকারবদ্ধ**

পৃঃ ১২ কঃ ৭

## শিক্ষা খাতে বরাদ্দ ৯ হাজার

১৬-এর পৃষ্ঠার পর

শিক্ষা ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংস্কার আনা হয়েছে।

অর্থমন্ত্রী বলেন, প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের পাশাপাশি ও গুণগতমান বৃদ্ধি করতে ইতোমধ্যে শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত ১:৫০ থেকে ১:৪৭-তে নামিয়ে আনা হয়েছে এবং আগামীতে ১:৪০ এ নামিয়ে আনা হবে বলে জানান অর্থমন্ত্রী। তিনি বলেন, এ লক্ষ্যে ৫৮ হাজার ৩৫৯ কোটি টাকা ব্যয়ে আমরা বৃহৎ একটি কর্মসূচি (তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি, পিইডিপি-৩) বাস্তবায়নের কাজ শুরু করেছি। শিক্ষা ক্ষেত্রে তথ্যপ্রযুক্তি ব্যবহার করতে ৩ হাজার ১৭২টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে সিটি ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে বলে অর্থমন্ত্রী তার বক্তব্যে জানান।